

যায়যায়দিন

তারিখ - 07 MAR 2007 ...

পৃষ্ঠা ৭২ কলাম ৬...

২৪ চৌধুরী

শিক্ষা উপদেষ্টার প্রেস বৃফিং দুর্নীতি ও নকলমুক্ত মাধ্যমিক পরীক্ষা এ সরকারের বড় চ্যালেঞ্জ

যাযাদি রিপোর্ট

আগামীকাল শুরু হচ্ছে মাধ্যমিক স্তরের এসএসসি, দাখিল ও ডকেশনাল পরীক্ষা। নকলমুক্ত পরিবেশে সৃষ্টি ও শক্তিপূর্ণভাবে পরীক্ষা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়, বোর্ড ও স্কুল কর্তৃপক্ষ যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করেছে। প্রমুখ, উত্তরপত্র ও প্রবেশপত্র ইতিমধ্যে সংশ্লিষ্ট সব স্থানে পাঠানো হয়েছে। এ বছর এসএসসি, দাখিল ও এসএসসি ডকেশনাল পরীক্ষায় ১০ লাখ ২৯ হাজার ৮৮৫ শিক্ষার্থী অংশ নিচ্ছে। এসএসসি পরীক্ষার প্রস্তুতি নিয়ে গতকাল বিকালে সচিবালয়ে শিক্ষা উপদেষ্টা আইয়ুব কামদারী সাংবাদিকদের বৃফ করেন। এ সময় শিক্ষা সচিব মোমতাজুল ইসলাম,

আন্তঃশিক্ষা বোর্ড সময় কমিটির চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ ইউসুফ, বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উপদেষ্টা এসএসসি পরীক্ষায় দায়িত্ব পালনকারী শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে বলেন, বর্তমান সরকার যারা দেশে দুর্নীতির বিরুদ্ধে যুদ্ধ শুরু করেছে। এসএসসি পরীক্ষাও দুর্নীতি ও নকলমুক্ত করা সরকারের একটা বড় চ্যালেঞ্জ।

তিনি পরীক্ষার্থীদের সুস্বাস্থ্য কামনা করে বলেন, জরুরি অবস্থার মধ্যে দেশে প্রথমবারের

পৃষ্ঠা ৭২ কলাম ৬...

দুর্নীতি ও নকলমুক্ত মাধ্যমিক

(শেষ পৃষ্ঠার পর)

মতো এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। তাই যারা মেধাশী ও ভালো প্রস্তুতি নিয়েছে তাদের জন্য পরীক্ষার পরিবেশ অনুকূল থাকবে। পরীক্ষা সংক্রান্ত কাজে যাদের বিরুদ্ধে দুর্নীতির প্রমাণ পাওয়া যাবে তাদের কাঠোর হস্তে দমন করা হবে বলে জানান উপদেষ্টা। প্রেস বৃফিংয়ে জানানো হয়, এ বছর বিদেশের সাতটি কেন্দ্রে ২৪৩ জন পরীক্ষার্থী অংশ নেবে। বিদেশের কেন্দ্রগুলো হলো সউদি আরবের জেদ্দা ও রিয়াদ, লিবিয়ার ত্রিপোলি, কাতারের দোহা, ইউনাইটেড আরব এমিরেটসের আবুধাবি ও দুবাই এবং বাহরইন। উপদেষ্টা জানান, এখারের মোট পরীক্ষার্থীর মধ্যে এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা ৭ লাখ ৯৬ হাজার ৭৩, দাখিল ১ লাখ ৬৯ হাজার

৩৮৭ এবং এসএসসি ডকেশনালে ৬৪ হাজার ৪২৫। ঢাকা বোর্ডে ২ লাখ ৩০ হাজার ৪৩, রাজশাহীতে ২ লাখ ১২ হাজার ১৯৯, কুমিল্লায় ৯০ হাজার ৬৬, যশোরে এক লাখ ১৭ হাজার ৬০৯, চট্টগ্রামে ৬২ হাজার ১০৭, বরিশালে ৫১ হাজার ৬৭৩ এবং সিলেটে ৩২ হাজার ৩৭৬। গড়বার ঢাকা বোর্ডে পরীক্ষার্থী ছিল ২ লাখ ২৪ হাজার ১৪১, রাজশাহী বোর্ডে ২ লাখ ১৭ হাজার ৯১৯, কুমিল্লায় ৯০ হাজার ৬২২, যশোরে ১ লাখ ৭ হাজার ৪৭৮, চট্টগ্রামে ৬১ হাজার ৭৬৩, বরিশালে ৫৬ হাজার ৬৩৮ এবং সিলেটে ৩১ হাজার ১০৮। মাধ্যমিক পর্যায়ের এখার গতবারের চেয়ে প্রায় সাড়ে ২৯ হাজার পরীক্ষার্থী বেড়েছে। গত বছর মাত্র ১ হাজার ২৫১ জন পরীক্ষার্থীকে নকল করার দায়ে বহিস্কার করা হয়েছিল।